

002

কিওয়ার গার্টেন পরিচালক সমিতির দাবী

॥ স্টাফ রিপোর্টার ॥

বাংলাদেশ কিওয়ার গার্টেন পরিচালক সমিতির কিওয়ার গার্টেন পাঠ্যক্রম তৈরী কমিটিতে সমিতির প্রতিনিধি অন্তর্ভুক্তির দাবী জানিয়েছে। গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে এ দাবী জানানো হয়। সমিতির সভাপতি এডভোকেট আবদুল্লাহ আল নাসের লিখিত বক্তব্য পাঠ করেন। সম্মেলনে উপস্থিত ছিলেন সমিতির মহাসচিব গোলাম নবী, ঢাকা মহানগরীর সভাপতি গোলাম মোস্তফা খান, ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক কন্ট্রোলার মোহাম্মদ হোসেন ছাড়াও ডঃ শাহাদত আলী শেখ, আশরাফুল আলম, সেলিম রেজা, গোলাম ফারুক ও নাফিজা আক্তার।

তারা সরকারী বা বেসরকারীভাবে কিওয়ার গার্টেনে কর্মরত শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা এবং সরকার কর্তৃক প্রাথমিক শিক্ষাকে আনুষ্ঠানিকভাবে মাদন করারও দাবী জানান।

10

10

২

১

!

৮০৫